



সাবেক সিইসি নুরুল হুদাকে হেনস্তার অভিযোগে স্বৈচ্ছাসেবক দল নেতা কারাগারে



সংগৃহীত ছবি

উত্তরায় সাবেক সিইসি কে এম নুরুল হুদাকে গণধোলাই দিয়ে পুলিশে সোপর্দ করে জনতা। ঘটনাঙ্কলে মব সৃষ্টি হওয়ায় উত্তরা পশ্চিম থানার এসআই অজ্ঞাতনামাসহ কয়েকজনের বিরুদ্ধে মামলা করেন। ওই মামলায় স্বৈচ্ছাসেবক দল নেতা মো. হানিফ গ্রেফতার হলে আদালত তাকে কারাগারে পাঠানোর আদেশ দেন। সাবেক প্রধান নির্বাচন কমিশনার কে এম নুরুল হুদার ওপর হামলার ঘটনায় গ্রেফতার মো. হানিফকে কারাগারে পাঠানোর আদেশ দিয়েছেন আদালত। মঙ্গলবার (২৪ জুন) ঢাকার অতিরিক্ত চিফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট ওয়াহিদুজ্জামান এ আদেশ দেন এবং তার জামিন শুনানির জন্য পরদিন বুধবার দিন ধার্য করেন। মামলার তদন্ত কর্মকর্তা ও উত্তরা পশ্চিম থানার এসআই মোহাম্মদ নজরুল ইসলাম এদিন হানিফকে জেলহাজতে রাখার আবেদন করেন। এর আগে, সোমবার (২৩ জুন) রাতে যৌথবাহিনীর একটি দল তাকে আটক করে থানায় হস্তান্তর করে, পরে গ্রেফতার দেখানো হয়। মামলার এজাহার সূত্রে জানা যায়, গত ২২ জুন উত্তরায় কে এম নুরুল হুদার বাসার সামনে উত্তেজিত জনতা তাকে জুতার মালা পরিয়ে, ডিম ছুঁড়ে মারেন ও শারীরিকভাবে লাঞ্চিত করেন। পরে তাকে পুলিশে হস্তান্তর করা হয়। ঘটনার ভিডিও সামাজিকমাধ্যমে ছড়িয়ে পড়ে। এ ঘটনায় উত্তরা পশ্চিম থানার এসআই সজীব হাসান পরদিন একটি মামলা দায়ের করেন, যেখানে অজ্ঞাতনামা কয়েকজনকে আসামি করা হয়।